স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৬ ও জুন, ২০১৭

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

দ্বিতীয় পত্র (2nd Paper : **Bhasatattwa Ebong Chhando O Alonkar**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) বাংলা লিপির উদ্ভব সম্পর্কে আলোচনা করুন।

(খ) উদাহরণসহ ধ্বনি পরিবর্তনের সূত্রগুলি বুঝিয়ে দিন।

(গ) উপভাষা কাকে বলে ? বাংলার মান্য উপভাষা কোন্‌টি ? সেই উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য পৃথকভাবে উদাহরণযোগে উল্লেখ করুন।

(ঘ) সরল পদ্ধতিতে কীভাবে আপনি একজনকে ছন্দোবিশ্লেষণ শেখাবেন আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) ছয়টি সংকর শব্দ লিখে সেগুলির প্রত্যেকটি কোন্ কোন্ ভাষার মিশ্রণে উদ্ভূত, তা উল্লেখ করুন।

(খ) ছন্দোবিশ্লেষণ করে দেখান :

(অ) 'জনগণমনঅধিনায়ক জয় হে ভারত ভাগ্যবিধাতা।'

(আ) 'এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি / রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।'

(গ) 'ব্যাজস্তুতি' শব্দের অর্থ কী ? দুটি পৃথক ক্ষেত্রে অর্থটির প্রয়োগ ও বিশ্লেষণ করুন।

(ঘ) বিরোধাভাস কাকে বলে ? একটি উদাহরণ দিয়ে দেখান কীভাবে সেই অলংকারে বিরোধের অবসান ঘটেছে।

(ঙ) প্রয়োগস্থানের দিক থেকে উদাহরণসহ অনুপ্রাসের প্রকারভেদ সম্পর্কে বিস্তৃত আলোচনা করুন।

(চ) 'কাব্যং গ্রাহ্যম্ অলঙ্কারাৎ' — আচার্য বামন-এর এই সূত্রটি ব্যাখ্যা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক **১০০** শব্দে) ঃ

৬ × ৪ = ২৪

(ক) শব্দার্থ পরিবর্তনের ধারায় 'সুভাষণ'-এর বিপরীত রীতি কোন্‌টি ? বাংলা ভাষায় তার প্রয়োগবৈচিত্র্য দেখান।

(খ) প্রাচীন কলাবৃত্ত ছন্দোরীতির একটি উদাহরণ দিয়ে তার মাত্রারীতি, পর্ব, স্তবক ও বৈশিষ্ট্য উল্লেখ করুন।

(গ) শব্দালংকার ও অর্থালংকারের পার্থক্য কোথায় ?

(ঘ) চতুর্দশপদী ছন্দোবন্ধের শর্তগুলি কী কী ?

(ঙ) অঘোষধ্বনির ঘোষবৎ উচ্চারণ কোন্ উপভাষার বৈশিষ্ট্য ? ধ্বনি পরিবর্তনের ধারায় এই বৈশিষ্ট্যটি কী নামে পরিচিত ? এই বৈশিষ্ট্যের ঠিক বিপরীত বৈশিষ্ট্যটির উদাহরণযোগে সংজ্ঞা দিন।

(চ) (অ) 'পাখির নীড়ের মত চোখ তুলে নাটোরের বনলতা সেন', (আ) 'এ ব্রহ্মাণ্ড ঝুলে প্রকাণ্ড রঙিন মাকাল ফল' — দুটি চরণের অলংকার নির্ণয় করুন। ৩ + ৩

(ছ) টীকা লিখুন : (অ) গূঢ়ার্থপ্রতীতিমূলক অলংকার, (আ) উৎপ্রেক্ষা অলঙ্কার। ৩ + ৩

(জ) ন্যায়মূলক অর্থালংকার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।